

## মালয়েশিয়ায় আন্তর্জাতিক কনফারেন্সে ব্যবস্থাপনা পরিচালক

### OPENING CEREMONY

Guest Of Honor  
YB DATO' SRI RICHARD RIOT ANAK JAEM  
*The Honourable Minister Of Human Resources Malaysia*



উদ্বোধনী অনুষ্ঠানে বঙ্গূরত মালয়েশিয়ান মানবসম্পদ বিষয়ক মন্ত্রী ইব ডাটো শ্রী রিচার্ড আনাক জায়েম।

দর্শক সারিতে ড. মো. নূরুল আলম তালুকদার ও আব্দুল লতিফ মিয়া  
(ডান থেকে যথাক্রমে প্রথম ও দ্বিতীয়)

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)’র ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার সম্প্রতি এক আন্তর্জাতিক কনফারেন্স ও এক্সিবিশনে অংশগ্রহণ করেন। International Federation of Training & Development Organization (IFTDO)-এর আয়োজনে মালয়েশিয়ার কুয়ালালামপুরে গত ২৪ থেকে ২৭ আগস্ট এ কনফারেন্স অনুষ্ঠিত হয়। বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি)’র প্রতিনিধি হিসেবে ড. তালুকদার ও আব্দুল লতিফ মিয়া (নির্বাহী পরিষদ সদস্য) এ কনফারেন্সে অংশগ্রহণ করেন। বিএইচবিএফসি’র এমভি বিএসটিডি’র যুগ্ম-মহাসচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

সুইজারল্যান্ডের জেনেভায় ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত এ সংগঠনটি টেকসই উন্নয়ন তরান্বিতকরণে জ্ঞান, দক্ষতা ও প্রযুক্তির উৎকর্ষ সাধন ও বিনিয়য় নিশ্চিত করার লক্ষ্যে বিশ্বব্যাপী নেটওয়ার্ক প্রতিষ্ঠা ও তা সুসংহত রাখার প্রত্যয়ে অঙ্গীকারবদ্ধ। ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে কার্যকরভাবে মানবসম্পদ উন্নয়নের মিশন নিয়ে The 44th Conference & Exhibition-2015-এ অর্ধশতাধিক ওয়ার্কশপ এবং সেশন অনুষ্ঠিত হয়। মালয়েশিয়া সরকারের মানবসম্পদ উন্নয়ন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইব ডাটো শ্রী রিচার্ড আনাক জায়েম এ কনফারেন্সের শুভ উদ্বোধন করেন।